


ONE™
UMMAH
BD

# মুশারাকা প্রস্তাবনা
# ২০২৩-২০২৪

Proposed By

**Samee Salehin Khan**

Chief Executive Officer

One Ummah BD

রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,
"সত্যবাদী ও আমানতদার ব্যবসায়ী কিয়ামতের দিন নবী, সিদ্দিক এবং শহীদগণের সঙ্গে থাকবে"।

"সহিহ তিরমিযি"



## ভূমিকা

"ওয়ান উম্মাহ বিডি" ২০১৬ সাল থেকে কার্যকরভাবে বাংলাদেশে ব্যবসা পরিচালনা করে যাচ্ছে। এটি বাংলাদেশের সর্বপ্রথম মুসলিম লাইফস্টাইল প্রমোটিং ব্র্যান্ড, আলহামদুলিল্লাহ।
ইসলামে সুদকে একটি ইনসাফ বিবর্জিত পন্থা হিসেবে আখ্যায়িত করা হয়েছে। কেননা, এর ফলাফল ঋণদাতা ও ঋণগ্রহীতা উভয়ের মাঝে বৈষম্য ও বেইনসাফীর আকারে প্রকাশ পায়। ইসলামে যেহেতু সুদ হারাম, সেহেতু একে কোনো ধরনের ফাইনান্সিং এর জন্য ব্যবহার করা সমীচীন নয়। এজন্য ইসলামী মূলনীতিভিত্তিক অর্থ-ব্যবস্থায় "মুশারাকা" সময়ের দাবী পূরনে বড় ধরনের ভূমিকা পালন করতে সক্ষম। মুশারাকা মূলত আরবী শব্দ, যার আভিধানিক অর্থ শরীক বা অংশীদার হওয়া। কারবার ও ব্যবসা-বাণিজ্যের পরিভাষায় মুশারাকা বলতে এমন এক যৌথ কারবারকে বুঝায়, যে কারবারে সকল অংশীদার যৌথ কারবারের লাভ-লোকসানে শরীক থাকে। মুশারাকা বা অংশীদারি কারবার সুদভিত্তিক অর্থায়নের একটি আদর্শিক বিকল্প ব্যবস্থা। "ওয়ান উম্মাহ বিডি" এর রয়েছে একটি বিনিয়োগ তহবিল, যা ইসলামী শরিয়াহ ভিত্তিক ব্যবসা পদ্ধতি "মুশারাকা" এর নীতি অনুযায়ী আগ্রহী ব্যক্তিদের কাছ থেকে মূলধন সংগ্রহ করে থাকে। আমরা প্রাথমিক পর্যায় থেকে ক্রমান্বয়ে আমাদের উৎপাদন, বিক্রয় এবং মূলধন ব্যবস্থার সুষ্ঠু সমন্বয়ের দ্বারা আমাদের সক্ষমতা বৃদ্ধি করেছি আলহামদুলিল্লাহ। আমরা পূর্বে গড়ে **১০% থেকে ১৫% ROI (Return on investment) এক আর্থিক বছরে** নিশ্চিত করতে পেরেছি এবং প্রতি আর্থিক বছরে আরও ভালো ব্যবসা করার চেষ্টা করছি, আলহামদুলিল্লাহ্। তাই আপাতত আমাদের প্রত্যাশিত **ROI (Return on Investment)** হচ্ছে **গড়ে ১৫%,** যা শুধুমাত্র আমাদের অনুমান এবং এর মাত্রা বৃদ্ধি বা হ্রাস পেতে পারে।

## মালিকপক্ষের পরিচয়:

**জনাব সামী সালেহীন খান** ওয়ান উম্মাহ বিডির প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী কর্মকর্তা। ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) তে তার ব্যাচেলর অফ সায়েন্স (বিএসসি) শেষ করার পরে তিনি গার্মেন্টস ম্যানুফ্যাকচারিংয়ে জ্ঞান নিয়ে ই-কমার্সের দিকে মনোনিবেশ করেন। তিনি ইতিমধ্যেই একটি শক্তিশালী ব্র্যান্ড তৈরি করেছেন যা অল্প সময়ের মধ্যে কৌশলগত সিদ্ধান্ত নিয়ে বাংলাদেশে মুসলিম সমাজে জনপ্রিয় হয়ে উঠেছে। তিনি শরীয়াহ নীতি প্রয়োগ করে ব্যবসা পরিচালনার জন্য নেতৃত্ব দেন যেন ইহকাল এবং পরকালে তার দলকে নিয়ে সফল হতে পারেন। তিনি সর্বদা তার পরিসেবাগুলোর মধ্যে সর্বোত্তম পণ্য এবং পরিষেবাগুলির সাথে সর্বোত্তম গ্রাহক অভিজ্ঞতা দেওয়ার দিকে মনোনিবেশ করেন। তিনি বিশ্বাস করেন যে এই মান-চালিত পদ্ধতিগুলি ওয়ান উম্মাহ বিডিকে উদ্ভাবনী থাকতে সাহায্য করছে।

## বিনিয়োগের নিয়মাবলি:

- আমাদের বিনিয়োগকারীদের **"Silent Partner"** বা **"নিষ্ক্রিয় অংশীদার"** হিসেবে উল্লেখ করা হবে। এবং "ওয়ান উম্মাহ বিডি" কে **"Working Partner"** বা **"সক্রিয় অংশীদার"** হিসেবে উল্লেখ করা হবে। বিনিয়োগকারী এবং "ওয়ান উম্মাহ বিডি" এর পারস্পরিক সম্মতি অনুযায়ী, বিনিয়োগ সম্পর্কিত আর্থিক নিয়ন্ত্রন এবং সিদ্ধান্ত নিশ্চিত করতে সকল প্রকল্প এবং ব্যবসার তত্ত্বাবধান করবে "ওয়ান উম্মাহ বিডি"।

- বিনিয়োগের ন্যূনতম পরিমান হবে **১ (এক লক্ষ) টাকা থেকে ১০(দশ) লক্ষ টাকা বা তারও বেশি।**

- **১ (এক), ৩ (তিন) অথবা ৫ (পাঁচ) বছরের একটি নির্দিষ্ট মেয়াদের** জন্য বিনিয়োগ করা যাবে।

- নিষ্ক্রিয় অংশীদারগণ "ওয়ান উম্মাহ বিডি' এর সাথে **একটি চুক্তি সম্পন্ন করবে**, যা "ওয়ান উম্মাহ বিডি" দ্বারা পরিচালিত যেকোন শরিয়াহ সম্মত ব্যবসায় অর্থায়নের স্বাধীনতা দিবে।

- **মোট লাভের ৫০% পাবে নিষ্ক্রিয় অংশীদারগণ এবং ৫০% পাবে সক্রিয় অংশীদার (ওয়ান উম্মাহ বিডি)।** ৫০% এর মধ্যে, বিভিন্ন নিষ্ক্রিয় অংশীদাররা বিনিয়োগের সময়কালের উপর নির্ভর করে ভিন্ন অনুপাতে লাভের অংশ পাবে।

- শুধুমাত্র লাভজনকতা, নির্ভরযোগ্যতা এবং দীর্ঘমেয়াদী পরিচালনার পরিকল্পনাকে সামনে রেখেই "ওয়ান উম্মাহ বিডি" বিভিন্ন প্রকল্প সম্প্রসারনের সিদ্ধান্ত নিয়ে থাকে। প্রতি বছর অর্জিত নিট লাভ অথবা নিট ক্ষতি সকল বিনিয়োগকৃত প্রকল্পের সমস্ত লাভ বা ক্ষতির সমষ্টি দ্বারা নির্ধারিত হবে।

**<u>মূল উদ্দেশ্য:</u>**

**১**. বাস্তবসম্মত ইসলামি শরিয়াহ-ভিত্তিক বিনিয়োগের সুযোগগুলো উন্মোচন করা।
**২**. সকল প্রকল্প এবং ব্যবসাসমূহকে দক্ষ উপায়ে বিকশিত করা এবং পরবর্তীতে অন্যান্য লাভজনক, বর্ধনশীল প্রতিষ্ঠানগুলোর সাথে সুস্থ প্রতিযোগিতা করা ।

**<u>প্রধান শর্তসমূহ:</u>**

**১**. বিনিয়োগকারীদের কোনো নির্দিষ্ট পরিমাণ অর্থ দেওয়া হবে না, যেহেতু এটি সম্পূর্ণরূপে শরীয়াহ পরিপন্থি।

**২. আর্থিক বছর** শেষ হওয়ার পরে সমস্ত প্রকল্প থেকে উৎপন্ন রাজস্ব উপর ভিত্তি করে নিট মুনাফা গণনা করা হবে।

**৩. বিনিয়োগকারী অস্থায়ী (Provisional) লাভ হিসেবে ১ মাস বা বাৎসরিক ভিত্তিতে তার লাভের একটি অংশ তুলে নিতে পারবেন।** তবে বার্ষিকভাবে চূড়ান্ত প্রতিবেদন দেয়া হবে এবং আর্থিক বছর শেষ হওয়ার পরে প্রকৃত লাভ বা ক্ষতি অনুযায়ী বিনিয়োগকারীর মূলধন সমন্বয় করা হবে।

**৪**. চুক্তির মেয়াদ শেষে নিষ্ক্রিয় বা সাইলেন্ট পার্টনাররা তাদের মূলধন প্রত্যাহার করার ইচ্ছা প্রকাশ করতে পারে বা পরবর্তী মেয়াদের জন্য বিনিয়োগ চালিয়ে যেতে পারবেন। **মূলধন প্রত্যাহারের ক্ষেত্রে, সাইলেন্ট পার্টনারকে অবশ্যই চুক্তির মেয়াদ শেষ হওয়ার কমপক্ষে ৩ (তিন) মাস আগে আমাদের অবহিত করতে হবে।** এরপর, কর্তৃপক্ষ বিনিয়োগের অর্থ ফেরত দেয়ার প্রক্রিয়া শুরু করবে। তবে কোনো অনিবার্য কারনবশত **সময়সীমা বাড়ানো হলে সে বিষয়ে অবহিত করা হবে।**

**যদি কোন বিনিয়োগকারী মেয়াদ শেষ হওয়ার আগেই মূলধন প্রত্যাহার করা ইচ্ছা প্রকাশ করে, তাহলে স্বাভাবিকভাবেই তা অনুমোদন হবেনা।** কিন্তু অনিবার্যকারনবশত: সাইলেন্ট পার্টনার যদি বিনিয়োগকৃত অর্থ উত্তোলন বা প্রত্যাহার করতে চায়, তবে উভয়পক্ষের আলোচনা সাপেক্ষে তিনি শুধু কার্যকরী মূলধন হিসাবে তার প্রদত্ত প্রকৃত অর্থ ফেরত পাবেন, কিন্তু লাভের কোন পরিমান পাবেন না।

**৫.** 'ওয়ান উম্মাহ বিডি'তে সম্পূর্ণ ইসলামী নীতির ওপর ভিত্তি করে লাভ-লোকসান ভাগাভাগি করা হয়। আমরা ব্যবসাকে সুরক্ষিত করার সর্বোত্তম প্রচেষ্টা করে থাকি। কিন্তু আমাদের নিয়ন্ত্রনের বাইরে সংঘটিত অর্থনৈতিক বিপর্যয়, প্রাকৃতিক কিংবা মনুষ্যসৃষ্ট যে কোন দুর্যোগের ক্ষেত্রে উভয়পক্ষকেই ক্ষতির ভাগ বহন করতে হবে। কোন অনাকাঙ্খিত অথবা অবাঞ্ছিত ক্ষতির ক্ষেত্রে, আমাদের অন্যান্য প্রকল্পের লাভ দ্বারা ভারসাম্য রক্ষা করার চেষ্টা করা হবে। কিন্তু ক্ষতি মূল পূঁজিকে আঘাত করলে পুরো ক্ষতি সক্রিয় এবং নিষ্ক্রিয় পার্টনার উভয় পক্ষই বহন করবে।

**৬.** স্ট্যাম্প পেপারে **মুশারাকা চুক্তি প্রিন্ট করার জন্য ৪০০ (চারশত) টাকার একটি ডকুমেন্টেশন ফি** প্রদান করতে হবে। অন্যথায় চুক্তিটি কোম্পানীর (ওয়ান উম্মাহ বিডি) অফিশিয়াল প্যাডে কোনো ফি ছাড়াই প্রিন্ট করে দেওয়া হবে।

**৭.** যেকোনো ফিন্যানশিয়াল রিপোর্ট 'ওয়ান উম্মাহ বিডি'র কর্পোরেট অফিসে রাখা হবে। সকল পার্টনারের জন্য এই প্রতিবেদনগুলো পর্যালোচনা করা সুযোগ উন্মুক্ত থাকবে।

**৮.** নিরাপত্তার কথা বিবেচনা করে সকলপ্রকার লেনদেন শুধুমাত্র ব্যাংক একাউন্টের মাধ্যমে করা হবে। কোন অবস্থাতেই কোন প্রকার ক্যাশ লেনদেন করা গ্রহনযোগ্য নয়। ব্যাংক স্টেটমেন্ট সংরক্ষন করা হবে এবং সবকিছু যাচাইয়ের পর চুক্তিপত্র শেয়ার করা হবে। বিনিয়োগকারী প্রয়োজনীয় সকল নথিপত্র মূল অফিসে এসে সংগ্রহ করতে পারবেন অথবা কুরিয়ারের মাধ্যমে স্থানান্তর করা হবে।

## বর্তমান ব্যবসায়িক সুযোগসমূহ

**১. আউটলেট/শোরুম স্থাপনা:**

ইনশাআল্লাহ্, "ওয়ান উম্মাহ বিডি" সারা বাংলাদেশে ২০২৫ সালের ভেতর কমপক্ষে ৫০ (পঞ্চাশ) টি বা তারও অধিক আউটলেট স্থাপন করার পরিকল্পনা করেছে। এই আউটলেটগুলোতে এমন মানসম্মত পণ্য সরবরাহ করা হবে, যা বর্তমান এবং ভবিষ্যৎ প্রজন্মের কাছে অনুকরণীয় নৈতিক ও মহৎ আদর্শবোধ প্রচার করবে।








Office Address: **Motherbari, Uttarkhan, Uttara, Dhaka-1230**
Phone: **+8809613-827080,** E-mail- **oneummahbd@gmail.com**
Web: **www.oneummahbd.com**

## ২. ফ্যাক্টরি সম্প্রসারন:

”ওয়ান উম্মাহ বিডি” এর ইতিমধ্যে আলাদাভাবে রয়েছে একটি সুইং ফ্যাক্টরি এবং একটি প্রিন্ট ফ্যাক্টরি। দেশের চাহিদা মিটিয়ে দেশের বাইরে রপ্তানির জন্য এবং বিশাল অর্ডার গ্রহন করার লক্ষ্যে আমাদের উৎপাদন ক্ষমতা বৃদ্ধি করার উদ্যোগ জোরদার করা হচ্ছে।






## ৩. পণ্যের প্রকরন বৃদ্ধি:

বর্তমানে “ওয়ান উম্মাহ বিডি” মূলত কটন টিশার্ট তৈরি করছে। তবে সময়ের সাথে সাথে আমরা আরও ডাইভারস পোশাক যেমন: ডেনিম প্যান্ট, টুইল/ম্যাশ ফেব্রিকের প্যান্ট, স্পোর্টস ট্রাউজার, জগার্স প্যান্ট, পান্জাবী, হুডি, আবায়/বোরকাসহ অন্যান্য পর্দার পোশাক, খাদ্য উপকরন ইত্যাদি তৈরি করে বাজারজাত করার চেষ্টায় সচেষ্ট আছি। আমরা আশা রাখি, পর্যাপ্ত মূলধন খাটিয়ে আমাদের শুভানুধ্যায়ীদের কাছে ভবিষ্যতে বিভিন্ন ধরনের মানসম্মত পণ্য উপস্থাপন করতে পারবো, ইনশাআল্লাহ।








Office Address: **Motherbari, Uttarkhan, Uttara, Dhaka-1230**
Phone: **+8809613-827080,** E-mail- **oneummahbd@gmail.com**
Web: **www.oneummahbd.com**

**অংশীদারিত্বের সুবিধাসমূহ:**

**১.** "ওয়ান উম্মাহ বিডি" থেকে কেনাকাটা করার সময় বিনিয়োগকারীদের জন্য বিশেষ ছাড়ের ব্যবস্থা রয়েছে। বিনিয়োগকারীদের জন্য দেয়া হবে একটি স্পেশাল আইডি, যা নিজের জন্য এমনকি অন্যদের রেফার করলেও কার্যকর হবে।






## ওয়ান উম্মাহ বিডি এর অধীনস্থ বর্তমান প্রকল্পসমূহ

**১. আউটলেট**: সাম্প্রতিক সময়ে সারা বাংলাদেশে ওয়ান উম্মাহ বিডি এর সকল আউটলেট লোকেশনগুলো হচ্ছে :

- **ঢাকা:** দোকান নং 1c/008, সাউথ কোর্ট লেভেল 1, যমুনা ফিউচার পার্ক, বসুন্ধরা রেসিডেনসিয়াল এরিয়া, ঢাকা।
- **সিলেট শপ ১ :** নাইওরপুল পয়েন্ট, কুমারপাড়া, সিলেট।
- **সিলেট শপ ২ :** আম্বরখানা পয়েন্ট, সিলেট
- **চট্টগ্রাম:** দোকান নং ২০৩, খুলশী টাউন সেন্টার, চট্টগ্রাম।
- **রাজশাহী:** ৩য় তলা, ওমর প্লাজা, নিউ মার্কেট, রাজশাহী।
- **বগুড়া**: রোমেনা আফাজ সড়ক, জলেশ্বরীতলা, বগুড়া।
- **জয়দেবপুর:** ২য় তলা, সিয়াম টাওয়ার শিববাড়ী বাস স্ট্যান্ড, জয়দেবপুর।
- **খুলনা:** মোল্লাবাড়ি মোড়, মজিদ সরনী, সোনাডাংগা, খুলনা।
- **কুমিল্লা:** কিউ, আর, টাওয়ারের সামনে ,বাদুরতলা, কান্দিরপাড়,কুমিল্লা।
- **সাতক্ষীরাঃ** সংগীতা মোড়, শহীদ আবুল কাশেম সড়ক, সাতক্ষীরা।






Office Address: **Motherbari, Uttarkhan, Uttara, Dhaka-1230**
Phone: **+8809613-827080,** E-mail- **oneummahbd@gmail.com**
Web: **www.oneummahbd.com**







**২. ইকমার্স:** আউটলেটের পাশাপাশি নিম্নে উল্লিখিত অনলাইন ই-কমার্স প্লাটফর্মের মাধ্যমেও "ওয়ান উম্মাহ বিডি" ব্যবসা পরিচালনা করে যাচ্ছে :

- **Oneummahbd.com:** "ওয়ান উম্মাহ বিডি" এর অফিসিয়াল ওয়েবসাইট। আমাদের সকল পন্য এখানে পাওয়া যায়।
- **Awratunnisa:** "ওয়ান উম্মাহ বিডি" এর অধীনে একটি সাব-ব্র্যান্ড । আওরাতুন নিসা রুচিশীল এবং মার্জিত মহিলাদের পোশাকের একটি জনপ্রিয় ব্র্যান্ড। বিভিন্ন ধরনের আবায়, হিজাব, নিকাবসহ অন্যান্য পর্দার পোশাক এবং এক্সেসরিস এই ব্র্যান্ড থেকে বিক্রয় করা হয়।
- **Komvalley:** "ওয়ান উম্মাহ বিডি" এর একটি উদ্যোগ যেখানে সুলভ মূল্যে আতর, টুপি, মেসওয়াক, যায়নামাজ, দাওয়াহ টিশার্টের প্রভৃতি পণ্য বিক্রয় করা হয়।
- **Wholesale line:** "ওয়ান উম্মাহ বিডি" এর অধীনে একটি ফেসবুক পেইজ যেখানে পাইকারী মূল্যে পণ্য বিক্রয় করা হয়।
- **Nevin Tex:** "ওয়ান উম্মাহ বিডি" এর একটি সেলস চ্যানেল যেটি দক্ষ এবং প্রফেশনাল মার্কেটিং সহায়তা প্রদান করে।
- **Daraz:** দারাজ মলে "ওয়ান উম্মাহ বিডি" একটি ফ্ল্যাগশীপ স্টোর রয়েছে।

- **Rokomari.com:** "ওয়ান উম্মাহ বিডি" এর সাথে সম্পৃক্ত একটি সেলস চ্যানেল।

## <u>অন্যান্য বাহ্যিক প্রকল্পসমূহ</u>

- **Aslee:** "ওয়ান উম্মাহ বিডি" এর অর্থায়নে একটি ডেইরী মিল্কের কারখানা, যেখানে প্রতি মাসে ১২০০ লিটার পর্যন্ত দুধ উৎপন্ন হয়ে থাকে।

## <u>ওয়ান উম্মাহ বিডি’র শরীয়াহ উপদেষ্টা</u>

**IF Academy and Consultancy (IFAC)** হল একটি গবেষণা ও প্রশিক্ষণ কেন্দ্রিক প্রতিষ্ঠান, যা হালাল, ইসলামী অর্থনীতি, ইসলামিক ফাইন্যান্সের প্রকৃত চেতনা ও সৌন্দর্য ছড়িয়ে দেয়ার নিমিত্তে মানব কল্যাণ ও উন্নতির জন্য নিবেদিত।
**IFAC** ইসলামিক ফাইন্যান্সের উপর প্রফেশনাল প্রশিক্ষণ এবং কর্মশালা প্রদান করে। তাদের কনসালটেন্সি উইং কর্পোরেট ও এসএমইকে পেশাদার হালাল এবং ইসলামিক ফাইন্যান্স কনসালটেন্সি প্রদান করে, যাতে এন্ড-টু-এন্ড শরীয়াহ সম্মতি নিশ্চিত করা যায়।
বিস্তারিত জানতে অনুগ্রহপূর্বক ভিজিট করুন - **https://www.facebook.com/IFACBD**




## <u>যোগাযোগ</u>

“ওয়ান উম্মাহ বিডি” - এর ইসলামী শরীয়াহ ভিত্তিক “মুশারাকা” ব্যবসা পদ্ধতি সম্পর্কে আরও বিস্তারিত জানতে চাইলে বা যেকোনো প্রশ্ন থাকলে অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করতে পারেন - investment@oneummahbd.com এ ই-মেইল করুন।
এছাড়াও আপনি **Hamim Bin Mostafiz, Business Development Executive, OUBD, 01320386574** (সেলফোন এবং হোয়াটসঅ্যাপ) নাম্বারে কল করতে পারেন।
অথবা, যেকোনো প্রয়োজন এবং যাচাইকরনের ক্ষেত্রে যোগাযোগ করতে পারেন **Samee Salehin Khan, Chief Executive Officer, OUBD, 01717551616** নাম্বারে।